



ইউআইইউতে ফল-২০১৯ শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ফল-২০১৯-এর আন্ডারগ্র্যাজুয়েট ও পোস্টগ্র্যাজুয়েট শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকস ও স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীরা এতে অংশ নেন। ইউআইইউ উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক এএসএম সালাহউদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিন, বিভাগীয় প্রধান ও পরিচালকসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা। —বিজ্ঞপ্তি